রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ১৫, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-প্রজেই-৩।

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে মাঘ, ১৩৯৮/১২ই ফেব্রুয়ারী, ১৯৯২

এস, আর, ও নং ৩১-আইন/৯২/শা-প্রজেই-৩/১ আর-৪/৮৯/২৬—Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983) এর section 157 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯ তে নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালা এর—

(২) বিধি ৪২ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা—

"(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর, অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ করিয়া না থাকেন তবে, তাহাকে তিরস্কার ব্যতীত অন্য যে কোন লঘুদণ্ড প্রদান করিতে পারে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে এবং উক্ত কর্মকর্তা, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, তাহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।";

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ অভিযোগ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা, প্রয়োজন মনে করিলে,

অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে তদন্তকারী কর্মকর্তা, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, অধিকতর তদন্ত সমাপ্ত করিবেন।";

(গ) উপ-বিধি (৩) এর "বিশটি কার্যদিবসের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "পর" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে; এবং

(ঙ) উপ-বিধি (৫) এর দুইবার উল্লেখিত ",(৩) ও (৪)" কমা, বন্ধনীগুলি, সংখ্যাগুলি এবং শব্দের পরিবর্তে উভয় স্থানে "এবং (৩)" শব্দ, বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৪৩ এর—

(ক) উপ-বিধি (২) এর দফা (খ) এর দ্বিতীয় পংক্তিতে "গুরুদণ্ড" শব্দটির পরিবর্তে "লঘুদণ্ড" শব্দটি এবং চতুর্থ পংক্তিতে "তারিখ হইতে ত্রিশটি কার্য দিবসের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "তারিখের পর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে :—

"(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষে তদন্ত কমিটি, কর্তৃপক্ষ কর্তৃক তদন্তের আদেশ দানের দশটি কার্য দিবসের মধ্যে, তদন্তের কাজ শুরু করিবেন এবং বিধি ৪৪ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত সম্পন্ন করিয়া, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, তাহারা বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।";

(গ) উপ-বিধি (৫) এর "প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশটি কার্য দিবসের মধ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৭) এর "পনেরটি কার্য দিবসের মধ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(ঙ) উপ-বিধি (৮) বিলুপ্ত হইবে ;

(৪) বিধি-৪৪ এর উপ-বিধি (৭) এর "দশটি কার্য দিবসের মধ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(৫) বিধি ৪৫ এর—

(ক) উপ-বিধি (১) এ, "বিধি ৪০ ও বিধি ৪২" শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "বা বিধি ৪০" শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(৬) বিধি ৪৮ এর উপ-বিধি (৩) এর ",আপীল দায়েরের ষাটটি কার্য দিবসের মধ্যে," কমাগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ বদিউজ্জামান
উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।